

উপজেলা আইসিটি কমিটির আগস্ট/২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব দীপক কুমার দেব শর্মা, উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
সভার তারিখ : ২৫ আগস্ট ২০২২ খ্রি.
সভার সময় : ১২.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ


উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিষয় ভিত্তিক নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েবপোর্টাল হালনাগাদ	সেবা সহজীকরণে ওয়েব পোর্টাল হালনাগাদের কোন বিকল্প নেই। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং তাগিদ থাকা সত্ত্বেও অনেক দপ্তরের ওয়েব পোর্টাল সঠিকভাবে হালনাগাদ নেই। সহকারী প্রোগ্রামার উপজেলার সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের বর্তমান অবস্থা সকলের সামনে তুলে ধরেন। সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল বাংলা ও ইংরেজি উভয় ভাষায় হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) দপ্তর প্রধান (সকল) ২) ইউপি চেয়ারম্যান (সকল)
০২	ই-নথি বাস্তবায়ন	সভাপতি মহোদয় জানান যে, অত্র উপজেলায় আটটি দপ্তর যথা- ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ২) উপজেলা ভূমি অফিস, ৩) উপজেলা শিক্ষা অফিস, ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ৫) উপজেলা সমাজ সেবা অফিস ৬) উপজেলা সমবায় অফিস ৭) উপজেলা মহিলা বিষয়ক অফিস এবং ৮) উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস লাইভে রয়েছে। তারা ইতোপূর্বে জেলা প্রশাসকের কার্যালয়ে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করেছে কিন্তু কোন দপ্তরই ই-নথির কার্যক্রম নিয়মিত করছে না। লাইভ সার্ভারে যে সকল দপ্তর আছে তাদের ই-নথির কার্যক্রম আরো জোরদার করতে হবে। ই-নথির কার্যক্রম বাস্তবায়নের জন্য সহকারী প্রোগ্রামার-এর কাছে সকলে সহযোগীতা গ্রহণ করবেন।	১) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ২) সহকারী প্রোগ্রামার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
০৩	শেখ রাসেল ডিজিটাল ল্যাব	এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, অত্র উপজেলায় ১৩ টি শিক্ষা প্রতিষ্ঠানে আইসিটি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। তিনি তার পরিদর্শনের আলোকে ল্যাবগুলোর বর্তমান অবস্থা তুলে ধরেন। শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সরবরাহকৃত সকল কম্পিউটার সামগ্রীর সঠিক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা দরকার। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন ও মনিটরিং এর মাধ্যমে ল্যাবের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	১) সহকারী প্রোগ্রামার, ২) প্রতিষ্ঠান প্রধান (ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান)
০৪	ইউডিসির সার্বিক অবস্থা	সভাপতি ইউডিসি সমূহের হালনাগাদ অবস্থা সম্পর্কে সার্বিক অবস্থা জানতে চাইলে অধিকাংশ ইউডিসি উদ্যোক্তা জানান যে, ইউডিসি সমূহের বর্তমান অবস্থা ভাল তবে বর্তমান সকল ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ তাদের সাথে চুক্তিনামা ও অঙ্গীকারনামা স্বাক্ষর করেননি। সভাপতি সকল চেয়ারম্যানবৃন্দকে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে চুক্তিনামা ও অঙ্গীকারনামা স্বাক্ষরের জন্য অনুরোধ করেন।	১) ইউপি চেয়ারম্যান (সকল) ২) উদ্যোক্তা (সকল)
০৫	সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার	সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের ক্ষেত্রে জনগনকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়।	সংশ্লিষ্ট সকল

১০

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ভূনুআমারী, কুড়িগ্রাম

স্মারক নং-৫৬.০৪.৪৯০৬.০০০.০৬.০০১.১৯.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, ভূনুআমারী, কুড়িগ্রাম।
- ২। মহাপরিচালক, ভূমি ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, ভূনুআমারী, কুড়িগ্রাম।
- ৫। প্রোগ্রামার, ভূমি ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুড়িগ্রাম।
- ৬। জনাবসদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি, ভূনুআমারী, কুড়িগ্রাম।
- ৭। অফিস কপি।

(মোঃ নুবেল সরকার)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ভূনুআমারী, কুড়িগ্রাম